



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সরকারি কার্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
dot.chittagongdiv.gov.bd

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০০০.১৬.১১৫.২০.১০০

বিষয়: দক্ষ জনবল তৈরীর মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সংশ্লিষ্ট দেশি/বিদেশি অংশীজনের (Stakeholder's) নিয়ে সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বস্ত্রখাতে দক্ষ বস্ত্র কারিগর ও প্রযুক্তিবিদ তৈরি করে চলেছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এবং যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার বস্ত্র অধিদপ্তরের সাথে কাজ করার একাত্মতা প্রকাশ করেছে; তৈরি পোশাক শিল্পে দেশের প্রান্তিক অবহেলিত জনগোষ্ঠীদের (নারী ও যুবক শ্রেণি) প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের উপযুক্ত করে গড়ে তোলার প্রত্যয়ে “ISEC: Improving Skills and Economic Opportunities for the Women and Youth” একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটি বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক প্রণীত টেক্সটাইল ও রেডিমেইড গার্মেন্টস সেক্টরের জন্য National Technical Vocational Qualification Framework অনুসরণে বাংলাদেশের বিভিন্ন টেকনিক্যাল ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটসমূহে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। তৈরি পোশাক শিল্পের সুইং মেশিন মেইনটেন্যান্স (Sweing Machine Maintenance) এবং কোয়ালিটি ইন্সপেকশন (Quality Inspection) সেকশনে দক্ষ জনবল সরবরাহকরণের জন্য দক্ষ নারী ও যুব জনশক্তি সরবরাহ করাই প্রকল্পটির মূল আউটকাম। তদপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের সহায়তায় International Labor Organisation (ILO) উক্ত প্রশিক্ষণ পরিচালনার নিমিত্তে বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের অধীন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, রামু, কক্সবাজার ইনস্টিটিউটকে একটি Registered Training Organisation (RTO) হিসেবে প্রাথমিকভাবে নির্বাচন করেছে। প্রকল্পটি বাস্তবায়নে চট্টগ্রাম বেটের বিভিন্ন টেক্সটাইল ইন্ডাস্ট্রি/তৈরি পোশাক শিল্পের সহযোগিতা একান্ত কাম্য।

এমতাবস্থায়, বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে সংশ্লিষ্ট অংশীজন তথা চট্টগ্রাম বেটের বিভিন্ন বস্ত্র শিল্প/তৈরি পোশাক শিল্পের প্রতিনিধিগণ এবং সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণের অংশগ্রহণে আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় অত্র কার্যালয়ে একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় অংশগ্রহণের লক্ষ্যে ও দক্ষ মানবসম্পদ তৈরির গুরুত্বপূর্ণ অংশীজন হওয়ার নিমিত্তে আপনার বস্ত্র শিল্প শিল্প প্রতিষ্ঠান হতে উপযুক্ত প্রতিনিধি (ব্যবস্থাপনা/এইচআর সংশ্লিষ্ট) প্রেরণে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১৯-০২-২০২৪

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার, সকল বস্ত্রশিল্প/তৈরি পোশাক শিল্প/এক্সসরিজ কারখানা, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০০০.১৬.১১৫.২০.১০০/১(৫)

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর;
- ২। ILO প্রতিনিধিবর্গ, কক্সবাজার, চট্টগ্রাম, বাংলাদেশ;
- ৩। প্রকল্প পরিচালক, আইএসইসি (ISEC) প্রকল্প, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার;
- ৪। সভাপতি, বিজিএমইএ/বিকেএমইএ, চট্টগ্রাম (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ) এবং
- ৫। সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম।



Rauba

১৯-০২-২০২৪

মোঃ আলী আহাব রাখা
সহকারী পরিচালক (কারিগরি)